# আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمَٰن

আয়াতঃ ৫৫ : ৭২

## আরবি মূল আয়াত:

حُورٌ مَّقْصُورَٰتٌ فِى الْخِيَامِ ﴿٧٢﴾

## অনুবাদসমূহ:

তারা হূর, তাঁবুতে থাকবে সুরক্ষিতা। — আল-বায়ান

(সুসজ্জিত) প্যাভিলিয়নে সুরক্ষিত থাকবে সুলোচনা সুন্দরীরা। — তাইসিরুল

তারা তাবুতে সুরক্ষিত হুর। — মুজিবুর রহমান

Fair ones reserved in pavilions - — Sahih International

### ৭২. তারা হূর, তাঁবুতে সুরক্ষিতা।(১)

(১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “জন্নাতে এমন একটি মুক্তার খীমা থাকবে যার অভ্যন্তরভাগ ফাঁকা থাকবে। যার আয়তন হবে ষাট মাইল। তার প্রতিটি কোণে মু'মিনের যে পরিবার থাকবে অন্য কোণের লোকজন তাদের দেখতে পাবে না। মুমিনরা সেগুলোয় ঘুরাপিরা করবে। [বুখারী: ৪৮৭৯, মুসলিম: ২৮৩৮]

তাফসীরে জাকারিয়া

### (৭২) তারা তাঁবুতে সুরক্ষিত হুর।[1]

[1] হাদীসে নবী করীম (সাঃ) বলেছেন, “জান্নাতে মোতির তাঁবু হবে। তার প্রস্থ হবে ৬০ মাইল। তার প্রতি কোণে থাকবে জান্নাতীর (সুন্দরী) স্ত্রী। যাকে অপর কোণের লোকেরা দেখতে পাবে না। মু’মিন তাতে বিচরণ করবে।” (বুখারীঃ সৃষ্টির সূচনা অধ্যায়, মুসলিমঃ জান্নাত অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4973

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন